



PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

227 East, 45th Street, 14th Floor, New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpnmv@gmail.com
Web site: www.un.int/bangladesh

**Ambassador
and
Permanent Representative**

নং-পিএমবিএনওয়াই/প্রেস/বাণী/২০১০/


তারিখ : ২৫ জুন, ২০১০

বাণী

বাংলা ভাষা ও সংস্কৃতির ঐতিহ্যকে প্রবাসে অন্যান্য ভাষার মানুষের কাছে তুলে ধরতে বিশেষ করে নতুন প্রজন্মের কাছে আদরণীয় করে তুলতে মুক্তধারা ফাউন্ডেশন প্রতিবছর আন্তর্জাতিক বাংলা উৎসব ও বই মেলার আয়োজন করছে জেনে আমি আনন্দিত। এই ভাষাকে ভালবেসে একদিন প্রাণ দিয়েছিল বাঙালী। ভাষার দাবী প্রতিষ্ঠা করতে গিয়ে শহীদ হয়েছেন রফিক, সফিক, সালাম, জব্বার, বরকত আরো কত নাম না জানা ভাই বোনেরা। তাদের আত্মত্যাগের ধারাবাহিকতায় আমরা পেয়েছি স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। পৃথিবীতে এই একটি মাত্র দেশ যার নামকরণ হয়েছে সে দেশের ভাষার নামে।

এই বইমেলায় উৎসবকে যে সংবাদ আরো আনন্দময় করে তুলবে তা হলো - এখন থেকে প্রতিবছর জাতিসংঘ উদযাপন করবে বাংলা ভাষার জন্য আত্মত্যাগের মহিমায় উজ্জ্বল ২১শে ফেব্রুয়ারি - আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। সম্প্রতি জাতিসংঘের সাধারণ পরিষদের অধীনে কমিটি অন ইনফরমেশনে এই বিষয়ে স্থায়ী মিশনের প্রচেষ্টায় একটি রেজুলুশন সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে। ১৯৯৯ সালে UNESCO কর্তৃক ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি প্রদানের পর জাতিসংঘ কর্তৃক এই রেজুলুশন গ্রহণের মাধ্যমে বিশ্ব সভায় বাংলা ভাষার মর্যাদা আরো একধাপ এগিয়ে গেল।

বাংলা ভাষা ও সংস্কৃতি এবং বাংলাদেশকে বিশ্বব্যাপী মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করতে আপনারা যার যার অবস্থান থেকে কাজ করছেন জেনে খুশী হয়েছি। আপনাদের উদ্যোগ স্বার্থক হোক, সুন্দর হোক, সকলের কাছে গ্রহণযোগ্য হোক।


ড. এ. কে. আব্দুল মোমেন